



গ্রামীণ কৃষি মৌসম সেবা
জেলা কৃষি-আবহাওয়া শাখা,
কৃষি বিজ্ঞান কেন্দ্র, বর্ধমান

স্পেশাল বুলেটিনঃ AAS/২০২৩/৪

তারিখঃ ১৬.০৫.২০২৩

বিষয়- পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় বর্ধিত বজ্রবিদ্যুত সহ ঝড়বৃষ্টি ১৫ থেকে ২০ মে, ২০২৩ তারিখের মধ্যে সংক্রান্ত

ভারতীয় মৌসম বিভাগের আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, কোলকাতার পূর্বাভাস অনুযায়ী—

- বিহার থেকে ওড়িশা পর্যন্ত একটি উচ্চ বাতাসের খাদ (ট্রফ) এবং বঙ্গোপসাগর থেকে আগত প্রবল জলীয় বাষ্পের কারণে শক্তিশালী আর্দ্রতাজনিত পরিস্থিতিতে, পশ্চিমবঙ্গের জেলাগুলির বিভিন্ন প্রান্তে ১৫ মে তারিখ থেকে ২০শে মে তারিখ অবধি সময়ে সময়ে বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ দমকা ঝোড়ো হাওয়া বইতে পারে, যার সর্বোচ্চ কার্যকলাপ লক্ষ্য করা যাবে মূলত ১৮ই মে থেকে ২০ই মে, ২০২৩ তারিখের মধ্যে। বজ্রপাত, ঝড়বৃষ্টি চলাকালীন হাল্কা থেকে মাঝারী বৃষ্টিপাতেরও সম্ভবনা থাকছে।

এর প্রভাব স্বরূপ বর্ধমান জেলার আবহাওয়া জনিত সতর্কতাঃ

- **১৫.০৫.২০২৩ থেকে ১৭.০৫.২০২৩ (হলুদ সতর্কতা):** দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলাগুলির একটি বা দুইটি জায়গায় বজ্রবিদ্যুৎ সহ দমকা ঝোড়ো হাওয়া ঘণ্টায় ৩০-৪০ কিমি বেগে বইবার পূর্বাভাস থাকছে।
- **১৮.০৫.২০২৩ থেকে ২০.০৫.২০২৩ (হলুদ সতর্কতা):** দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলাগুলির একটি বা দুইটি জায়গায় বজ্রবিদ্যুৎ এবং হাল্কা থেকে মাঝারী বৃষ্টিপাত সহ দমকা ঝোড়ো হাওয়া ঘণ্টায় ৪০-৫০ কিমি বেগে বয়ে যাওয়ার সম্ভবনা থাকছে।

সম্ভাব্য প্রভাব-

- পরিনত ফসলের এবং মাঠে থাকা সজির ক্ষতির সম্ভবনা থাকছে।
- দৃশ্যমানতা কমে যেতে পারে।
- কাঁচা ও আলগা এবং অসংরক্ষিত পরিকাঠামো ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভবনা আছে।

এই পূর্বাভাসের ওপর ভিত্তি করে কিছু করণীয় বার্তাঃ

- ✓ জনগণকে কংক্রিটের বাড়িতে আশ্রয় নিতে এবং বজ্রপাতের সময় বাইরে না যাওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।
- ✓ বাইরের খোলা জায়গায় ঘোরাফেরা করবেন না।
- ✓ গাছের নীচে এবং বৈদ্যুতিক খুঁটি বা ল্যাম্পপোস্টের নীচে আশ্রয় নেবেন না।
- ✓ গৃহপালিত পশুপাখিদের অবাধ বিচরণ করতে দেবেন না। পশুপাখিদের শক্তপক্ত বা পাকা ছাঁদের তলায় রাখবেন, প্রয়োজনে খুঁটি পুতে দড়ি দিয়ে বেধে রাখবেন।
- ✓ বজ্রপাত চলাকালীন কৃষকদের মাঠে কাজ না করার পরামর্শ দেওয়া হচ্ছে।

বি দ্র- আবহাওয়ার পূর্বাভাস ভিত্তিক কৃষিপারামর্শের জন্য কৃষকভাইয়েরা “মেঘদূত” এবং অঞ্চলভিত্তিক বজ্রপাতের সতর্কবার্তা পেতে “দামিনী” এপ্লিকেশনের ব্যবহার করতে পারেন। আবহাওয়ার সঠিক তথ্য জানার জন্য বর্ধমান কৃষি বিজ্ঞান কেন্দ্রের আবহাওয়া বিভাগের বিশেষ বুলেটিনগুলির উপরে নজর রাখুন।

**পরবর্তী পূর্বাভাস আগামীকাল দেওয়া হবে।

ডঃ শানু কুমার সাহা

বিষয়বস্তু বিশেষজ্ঞ (কৃষি-আবহাওয়া)

বর্ধমান কৃষি বিজ্ঞান কেন্দ্র

যোগাযোগঃ ৮২৪০৪১৩০৮৫

ডঃ সেখ মহম্মদ আজিজুর রাহমান
নোডাল অফিসার